# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

১০ বঙ্গবন্ধু রোড, নগর ভবন
নারায়ণগঞ্জ
www.ncc.gov.bd

**নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সার্বিক কার্যক্রম পরিচালনার লক্ষ্যে 'স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) অধ্যাদেশ ২০২৪'এর ধারা ২৫ (ক) (২) মোতাবেক সরকার কর্তৃক গঠিত কমিটির ৩য় সভার কার্যবিবরণী:**

**সভাপতি** : জনাব এ, এইচ, এম কামরুজ্জামান
প্রশাসক
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**সভার তারিখ** : ২৪/১২/২০২৪ খ্রিঃ

**সময়** : বিকাল ০৩.০০ টা

**সভার স্থান** : সম্মেলন কক্ষ, নগর ভবন কার্যালয়, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**উপস্থিত সম্মানিত উপস্থিতিগণের নামের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) সংযুক্ত (পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য)।**

সভাপতি সম্মানীত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য তিনি প্রধান নির্বাহী কর্মকর্তাকে আহবান করেন।

প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোহাম্মদ জাকির হোসেন সভাপতির অনুমতিক্রমে সভার আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপন শুরু করেন।

**আলোচ্যসূচি ১:** বিগত সভার কার্যবিবরণী পাঠ, অনুমোদন ও অগ্রগতি সম্পর্কে আলোচনা।

**আলোচনা**: নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সচিব (উপসচিব) জনাব মোঃ নূর কুতুবুল আলম গত ২০/১১/২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত এ কমিটির ২য় সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। অতঃপর উক্ত কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**বাস্তবায়নে:** সংশ্লিষ্ট শাখা/ বিভাগ (সকল), কর্মকর্তা/ কর্মচারী (সকল), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি ২:** রাজস্ব আদায়ের অগ্রগতি সম্পর্কে আলোচনা।

**আলোচনা:** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (চঃদাঃ) জনাব মোঃ হেমায়েত হোসেন রাজস্ব আদায়ের হালনাগাদ তথ্যাদি সভায় উপস্থাপন করেন, যা নিম্নরূপ:

**(ক) রাজস্ব আদায়: অর্থবছর ২০২৪-২০২৫ (অক্টোবর ২০২৪ ও নভেম্বর ২০২৪)**

| অঞ্চল | আদায়ের খাত | ২০২৪-২০২৫ অর্থবছরের দাবি (লক্ষ টাকায়) | অক্টোবর ২০২৪ ও নভেম্বর ২০২৪ মাসে আদায় (লক্ষ টাকায়) | বকেয়াসহ অনাদায়ের পরিমাণ (লক্ষ টাকায়) |
|---|---|---|---|---|
| নারায়ণগঞ্জ | পৌরকর | ৩০০১.১৫ | ১০৩.১০ | ২৩২৭.০৭ |
| | ট্রেড লাইসেন্স | ৪২০.০০ | ১০৮.৯০ | ৫৯.৯৪ |
| | দোকান ভাড়া | ২৮৪.১৩ | ৫৪.৩৬ | ১৭১.২৩ |
| সিদ্ধিরগঞ্জ | পৌরকর | ৪৯৫৭.৩৩ | ৩৮৪.১৩ | ৩৬৫৫.২২ |
| | ট্রেড লাইসেন্স | ৩২০.০০ | ৪৯.৩৯ | ১৪১.৮২ |
| | দোকান ভাড়া | ০.৭৩ | ০.০৭ | ০.৩৪ |
| কদমরসুল | পৌরকর | ২০২৩.৮৩ | ১৬৫.৩৮ | ১৩৫৬.১৭ |
| | ট্রেড লাইসেন্স | ৬০.০০ | ৭.৩৩ | ১৭.১৬ |
| | দোকান ভাড়া | ৬.৩১ | ১.৭৮ | ০ |
| মোট | পৌরকর | ৯৯৮২.৩৩ | ৬৫২.৬২ | ৭৩৩৮.৪৭ |
| | ট্রেড লাইসেন্স | ৮০০.০০ | ১৬৫.৬২ | ২১৮.৯২ |
| | দোকান ভাড়া | ২৯১.১৯ | ৫৬.২২ | ১৭১.৫৮ |
| | মোট= | ১১০৭৩.৫২ | ৮৭৪.৪৭ | ৭৭২৮.৯৮ |

**(খ) রাজস্ব আদায়: পানি সরবরাহ বিভাগের দাবি ও আদায় বিবরণী** (লক্ষ টাকায়)

| অক্টোবর ২০২৪ | | | | |
|---|---|---|---|---|
| | ওয়াসার বকেয়া | এনসিসির বকেয়া (জুলাই ২০২৩ থেকে সেপ্টেম্বর ২০২৪) | অক্টোবর ২০২৪ | মোট |
| দাবি (ভ্যাট ব্যতীত) | ২৮২৪.৮৮ | ৭,৯৬.২১ | ১৩৬.৫২ | ৩৭৫৭.৬২ |
| আদায় (ভ্যাট ব্যতীত) | ২.২৮ | ২৪.০৮ | ৮৭.৮৩ | ১১৪.২০ (ভ্যাট ব্যতীত) |

| নভেম্বর ২০২৪ | | | | |
|---|---|---|---|---|
| | ওয়াসার বকেয়া | এনসিসির বকেয়া (জুলাই ২০২৩ থেকে অক্টোবর ২০২৪) | নভেম্বর ২০২৪ | মোট |
| দাবি (ভ্যাট ব্যতীত) | ২৮২২.৬০ | ৯৬১.০১ | ১৩৭.১৩ | ৪০১২.৯৭ |
| আদায় (ভ্যাট ব্যতীত) | ৩.৬৩ | ২৫.৫৩ | ৮৯.৩৪ | ১১৮.৫০ (ভ্যাট ব্যতীত) |

এছাড়াও তিনি জানান যে, কিছু সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের নিকট এ প্রতিষ্ঠানের রাজস্ব বাবদ পাওনা রয়েছে। যা আদায়ের লক্ষ্যে উক্ত প্রতিষ্ঠানসমূহ বরাবর পত্র প্রেরণ করা যেতে পারে এবং তিনি উক্ত গ্রাহকগণের আংশিক তালিকা সভায় উপস্থাপন করেন। সে প্রেক্ষিতে সভাপতি মহোদয় বলেন যে, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের আয়ের তুলনায় ব্যয় অনেক বেশি। বকেয়া আদায়ের জন্য অতি দ্রুত উক্ত প্রতিষ্ঠানসমূহ বরাবর পত্র প্রেরণের জন্য তিনি নির্দেশনা প্রদান করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত**: (১) ওয়ার্ডভিত্তিক কর খেলাপীদের তালিকা প্রণয়ন করে আদায় অভিযান পরিচালনা, লক্ষ্যমাত্রা অনুযায়ী আদায় কার্যক্রম জোরদারকরণ, (২) ট্রেড লাইসেন্স নবায়ন ও ব্যবসায়ীদেরকে ট্রেড লাইসেন্স গ্রহণ করে ব্যবসা করার বিষয়ে উদ্বুদ্ধকরণের জন্য অঞ্চলভিত্তিক কার্যক্রম গ্রহণ, (৩) মার্কেট, ফ্ল্যাট ও দোকান ভাড়া আদায়ে তৎপর হওয়াসহ যাবতীয় রাজস্ব আদায় কার্যক্রম জোরালোভাবে সম্পন্ন করা, (৪) লক্ষ্যমাত্রা অনুযায়ী আদায় কার্যক্রম জোরদার করা এবং রাজস্ব আদায়ে কাঙ্খিত মাত্রা অর্জিত না হওয়া পর্যন্ত তা চলমান রাখা, (৫) বকেয়া/ খেলাপি গ্রাহকগণের নিকট হতে এ প্রতিষ্ঠানের পাওনা রাজস্ব আদায়ের লক্ষ্যে তাদের অনুকূলে অতি দ্রুত পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে:** কর আদায়, বাজার শাখা এবং ট্রেড লাইসেন্স শাখা, রাজস্ব শাখা, পানি সরবরাহ বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি ৩:** অক্টোবর ২০২৪ ও নভেম্বর ২০২৪ মাসের আয়-ব্যয় হিসাব পর্যালোচনা।

**আলোচনা:** প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (চ:দা:) জনাব মোঃ হেমায়েত হোসেন সভায় নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের গত ০২ মাসের (অক্টোবর ২০২৪ ও নভেম্বর ২০২৪) আয়-ব্যয়ের তথ্য উপস্থাপন করেন, যা নিম্নরূপ:

| **খাত** | অক্টোবর ২০২৪ (লক্ষ টাকায়) | নভেম্বর ২০২৪ (লক্ষ টাকায়) | মোট (লক্ষ টাকায়) |
|---|---|---|---|
| রাজস্ব আয় | ৮৯৫.২২ | ৭৫২.২৭ | ১৬৪৭.৫০ |
| উন্নয়ন আয় (থোক বরাদ্দ থেকে) | ২৮.৬২ | -- | ২৮.৬২ |
| **মোট আয়** | ৯২৩.৮৪ | ৭৫২.২৭ | ১৬৭৬.১২ |
| রাজস্ব ব্যয় | ২৫১.৮১ | ৪৪৯.৯৫ | ৭০১.৭৭ |
| উন্নয়ন ব্যয় (রাজস্ব থেকে) | ৬২৩.৪১ | ১২৯৭.৩৩ | ১৯২০.৭৪ |
| উন্নয়ন ব্যয় (থোক বরাদ্দ থেকে) | ১৭.১১ | ৯৫.২৮ | ১১২.৩৯ |
| **মোট ব্যয়** | ৮৯২.৩৩ | ১৮৪২.৫৭ | ২৭৩৪.৯০ |

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে অক্টোবর ২০২৪ ও নভেম্বর ২০২৪ পর্যন্ত গত ০২ মাসের আয়-ব্যয়ের হিসাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

**বাস্তবায়নে:** হিসাব বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি ৪: এ সিটি কর্পোরেশনে অস্থায়ীভাবে নিয়োগকৃত বিভিন্ন কর্মকর্তা/ কর্মচারীগণের বেতন বৃদ্ধি বিষয়ক আলোচনা।**

**আলোচনা: (ক)** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সচিব (উপসচিব) জনাব মোঃ নূর কুতুবুল আলম জানান, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের অনুমোদিত অর্গানোগ্রাম অনুযায়ী জনবলের সংখ্যা ৬৮৩ জন, এর বিপরীতে কর্মরত আছে ১৬৭ জন। বর্তমানে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে ১৬৭ জন স্থায়ী কর্মকর্তা কর্মচারী, ৪২৪ দক্ষ শ্রমিক, ১৫ জন চুক্তিভিত্তিক কর্মচারী, ৭৩ জন আউটসোর্সিং কর্মচারী এবং ১,১২৯ জন পরিচ্ছন্নকর্মী কর্মরত রয়েছেন। গত ০১/১০/২০২৪ খ্রি: তারিখে 'নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন ওয়ার্কাস ইউনিয়ন' (রেজি: নং-ঢাকা-৩৫২২) এর পক্ষ হতে

সিটি কর্পোরেশনে পরিচ্ছন্নতা কাজে নিয়োজিত পরিচ্ছন্নকর্মীদের (ঝাড়ুদার+ ট্রলি ম্যান ও ট্রাক লেবার) বেতন- ভাতা বৃদ্ধির জন্য আবেদন দাখিল করেন। পরবর্তীতে 'নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন ওয়ার্কাস ইউনিয়ন' এর ব্যানারে ১,১২৯ জন পরিচ্ছন্নকর্মী (ঝাড়ুদার+ ট্রলি ম্যান ও ট্রাক লেবার) বেতন- ভাতা বৃদ্ধির লক্ষ্যে আন্দোলন শুরু করেন। কর্মরত পরিচ্ছন্নকর্মীগণ (ঝাড়ুদার+ ট্রলি ম্যান ও ট্রাক লেবার) তাদের দাবি বিভিন্ন সময়ে কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করেন। সর্বশেষ গত ২০/১১/২০২৪ খ্রি: তারিখে পরিচ্ছন্নকর্মীগণ দাবি আদায়ে প্রশাসক ও প্রধান নির্বাহী কর্মকর্তা এর অফিস কক্ষের বাহিরে অবস্থান গ্রহণ করেন। উক্ত তারিখে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের পূর্ব নির্ধারিত মাসিক সভার কার্যক্রম শেষ হলে আন্দোলনরত পরিচ্ছকর্মীগণ উপস্থিত সকল কর্মকর্তাকে অবরুদ্ধ করে সিটি কর্পোরেশনে অবস্থানে বাধ্য করেন। উদ্ভূত পরিস্থিতিতে প্রশাসক ও প্রধান নির্বাহী কর্মকর্তাসহ অন্যান্য কর্মকর্তাগণের সাথে আন্দোলনকারী পরিচ্ছন্নকর্মীদের (ঝাড়ুদার+ ট্রলি ম্যান ও ট্রাক লেবার) প্রতিনিধিদের বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে নিম্নরুপ বেতন ১ ডিসেম্বর ২০২৪ তারিখ হতে কার্যকর করার সিদ্ধান্ত গৃহীত হয়:

| পদের নাম | সংখ্যা | বর্তমান মাসিক বেতন | ১ ডিসেম্বর ২০২৪ তারিখ থেকে প্রস্তাবিত মাসিক বেতন | এ খাতে বর্তমান মাসিক ব্যয় | ১ ডিসেম্বর ২০২৪ থেকে এখাতে সম্ভাব্য মাসিক ব্যয় |
|---|---|---|---|---|---|
| ঝাড়ুদার+ট্রলি ম্যান | ১,০৩৪ জন | ৮,০০০/- | ১০,৫০০/- | ৮২,৭২,০০০/- | ১,০৮,৫৭,০০০/- |
| ট্রাক লেবার | ৯৫ জন | ৯,০০০/- | ১১,৫০০/- | ৮,৫৫,০০০/- | ১০,৯২,৫০০/- |
| মোট | ১,১২৯ জন | | | ৯১,২৭,০০০/- | ১,১৯,৪৯,৫০০/- |

**(খ)** এ সিটি কর্পোরেশনে কর্মরত অবশিষ্ট ১২৯ জন দক্ষ শ্রমিক, ইতোপূর্বে ১ অক্টোবর ২০২৪ তারিখে ২৯৬ জন দক্ষ শ্রমিকের বেতন বৃদ্ধির বিষয়টিকে বিবেচনায় নিয়ে তাদের বেতন বৃদ্ধির দাবিতে সরব হন। যেহেতু অন্যান্য ২৯৬ জন দক্ষ শ্রমিকের পারিশ্রমিক ইতোপূর্বে বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সেহেতু অনাকাঙ্খিত পরিস্থিতি এড়ানোর জন্য অবশিষ্ট ১২৯ জন দক্ষ শ্রমিকের প্রত্যেকের মাসিক বেতনও ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা করে বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়, যা আগামী ০১ ডিসেম্বর ২০২৪ তারিখ হতে কার্যকর হবে।

| পদের নাম | সংখ্যা | বর্তমান মাসিক বেতন | ১ ডিসেম্বর ২০২৪ তারিখ থেকে প্রস্তাবিত মাসিক বেতন | এ খাতে বর্তমান মাসিক ব্যয় | ১ ডিসেম্বর ২০২৪ থেকে এখাতে সম্ভাব্য মাসিক ব্যয় |
|---|---|---|---|---|---|
| দক্ষ শ্রমিক | ১২৯ জন | ১০,৫০০/- | ১৩,০০০/- | ১৩,৫৪,৫০০/- | ১৬,৭৭,০০০/- |

**(গ)** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন কর্তৃক পরিচালিত নগর মাতৃসদন, বন্দর; নগর স্বাস্থ্য কেন্দ্র-১, নগর স্বাস্থ্য কেন্দ্র-২, নগর স্বাস্থ্য কেন্দ্র-৩ এ দায়িত্বপালনকারী কর্মচারীগণ তাদের বেতন বৃদ্ধির জন্য বিভিন্ন সময় দাবি উত্থাপন করে আসছে। এ প্রেক্ষিতে সার্বিক দিক বিবেচনা করে তাদের কাজের গতি বৃদ্ধির লক্ষ্যে নিম্নলিখিত হারে বেতন বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়, যা ০১ ডিসেম্বর ২০২৪ তারিখ থেকে কার্যকর হবে।

| পদের নাম | সংখ্যা | পূর্বের মাসিক বেতন | বর্তমান মাসিক বেতন | মাসিক বেতন বৃদ্ধির হার |
|---|---|---|---|---|
| ফিজিশিয়ান | ০১ জন | ২৮,০০০/- | ৩৩,৫০০/- | ৫,৫০০/- |
| ফিল্ড সুপারভাইজার | ০১ জন | ১৮,০০০/- | ২১,০০০/- | ৩,০০০/- |
| ল্যাব টেকনোলজিস্ট | ০১ জন | ১৮,০০০/- | ২১,০০০/- | ৩,০০০/- |
| কাউন্সিলর | ০২ জন | ১৫,০০০/- | ১৮,০০০/- | ৩,০০০/- |
| প্যারামেডিক | ০৪ জন | ১৫,০০০/- | ১৮,০০০/- | ৩,০০০/- |
| স্ট্যা: প্যারামেডিক | ০৩ জন | ১৫,০০০/- | ১৮,০০০/- | ৩,০০০/- |
| ড্রাইভার | ০১ জন | ১৫,০০০/- | ১৮,০০০/- | ৩,০০০/ |
| রিসিপশনিস্ট | ০৩ জন | ১৪,০০০/- | ১৭,০০০/- | ৩,০০০/- |
| সার্ভিস প্রমোটর | ০৪ জন | ১২,০০০/- | ১৫,০০০/- | ৩,০০০/ |
| ম্যাসেঞ্জার কাম গার্ড | ০৪ জন | ১০,০০০/- | ১৩,০০০/- | ৩,০০০/ |
| আয়া কাম ক্লিনার | ০৪ জন | ৯,০০০/- | ১২,০০০/- | ৩,০০০/ |
| মোট | ২৮ জন | | | |

**(ঘ)** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন কর্তৃক পরিচালিত কলরব কিন্ডার গার্টেন স্কুলে দায়িত্বরত শিক্ষক ও কর্মচারীগণের দীর্ঘদিনের দাবির প্রেক্ষিতে সকল ধরনের শিক্ষকদের (১০ জন) মাসিক বেতন ৩,০০০/- (তিন হাজার) টাকা, ০১ জন অফিস সহকারীর মাসিক বেতন ২,০০০/- (দুই হাজার) টাকা এবং ০১ জন দারোয়ানের মাসিক বেতন ১,০০০/- (এক হাজার) টাকা বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়। নতুন বেতন ০১ ডিসেম্বর ২০২৪ তারিখ হতে কার্যকর হবে।

| পদের নাম | সংখ্যা | পূর্বের মাসিক বেতন | বর্তমান মাসিক বেতন | মাসিক বেতন বৃদ্ধির হার |
|---|---|---|---|---|
| প্রধান শিক্ষিকা (ভারপ্রাপ্ত) | ০১ জন | ১০,০০০/- | ১৩,০০০/- | ৩,০০০/- |
| সহকারী প্রধান শিক্ষিকা (ভারপ্রাপ্ত) | ০১ জন | ৮,০০০/- | ১১,০০০/- | ৩,০০০/- |
| সিনিয়র শিক্ষিকা | ০৩ জন | ৮,০০০/- | ১১,০০০/- | ৩,০০০/- |
| সহকারী শিক্ষিকা | ০৪ জন | ৬,০০০/- | ৯,০০০/- | ৩,০০০/- |
| সহকারী শিক্ষক | ০১ জন | ৫,০০০/- | ৮,০০০/- | ৩,০০০/- |
| অফিস সহকারী | ০১ জন | ৫,০০০/- | ৭,০০০/- | ২,০০০/- |
| দাড়োয়ান | ০১ জন | ৮,০০০/- | ৯,০০০/- | ১,০০০/- |
| মোট | ১২ জন | | | |

সভায় এ পর্যায়ে সভাপতি মহোদয় বলেন উল্লিখিত তথ্যাদির ভিত্তিতে সকলে একমত পোষন করলে বর্ণিত কর্মকর্তা/ কর্মচারীগণের বেতন বৃদ্ধি করা হবে এবং নতুন বেতন ০১ ডিসেম্বর ২০২৪ তারিখ হতে কার্যকর হবে। এ বিষয়ে তিনি সকলের মতামত কামনা করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সকল সদস্য একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে অস্থায়ীভিত্তিতে নিয়োজিত বিভিন্ন কর্মকর্তা/ কর্মচারী/ দক্ষ শ্রমিকের বেতন বর্ণিত হারে ০১ ডিসেম্বর ২০২৪ তারিখ থেকে কার্যকর করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
**বাস্তবায়নে:** প্রশাসন বিভাগ, হিসাব বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## আলোচ্যসূচি ৫: সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে দক্ষ শ্রমিক নিয়োগ সংক্রান্ত আলোচনা।

**আলোচনা:** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সচিব (উপসচিব) জনাব মোঃ নূর কুতুবুল আলম জানান, এ প্রতিষ্ঠানের কার্যক্রমকে আরও বেগবান করার লক্ষ্যে জরুরিভিত্তিতে নিম্নবর্ণিত ছকে উল্লিখিত কর্মচারীগণকে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে দক্ষ শ্রমিক হিসেবে নিয়োগ প্রদান করা হয়েছে।

| নিয়োগের ধরণ | নিয়োগের বিভাগ/ শাখা | সংখ্যা (জন) | মাসিক বেতন | মোট মাসিক বেতন |
|---|---|---|---|---|
| দক্ষ শ্রমিক | পানি সরবরাহ বিভাগ | ১৮ | ১৫০০০/- | ২,৭০,০০০/- |
| | নগর পরিকল্পনা শাখা | ১ | ১৫০০০/- | ১৫০০০/- |
| | প্রকৌশল বিভাগ | ১ | ১৫০০০/- | ১৫০০০/- |
| | স্বাস্থ্য বিভাগ | ১ | ১৫০০০/- | ১৫০০০/- |
| | ওয়ার্ড সচিব | ১ | ১৫০০০/- | ১৫০০০/- |
| | রাজস্ব শাখা | ৮ | ১৫০০০/- | ১২০০০০/- |
| মসজিদ | ইমাম ও খতিব (পাক পাঞ্জাতন জামে মসজিদ) | ১ | ২০০০০/- | ২০০০০/- |
| | মুয়াজ্জিন (পাক পাঞ্জাতন জামে মসজিদ) | ১ | ১২০০০/- | ১২০০০/- |
| | খাদেম (পাক পাঞ্জাতন জামে মসজিদ) | ২ | ৮০০০/- | ১৬,০০০/- |
| কবরস্থান | খাদেম | ১ | ৮০০০/- | ৮,০০০/- |
| | **মোট =** | **৩৫ জন** | -- | **৫,০৬,০০০/-** |

উপরোক্ত বিষয়টি সভায় অনুমোদনের জন্য তিনি উপস্থাপন করেন।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে, ছকে উল্লিখিত মাসিক বেতনে উপরোক্ত পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে দক্ষ শ্রমিক হিসেবে জনবল নিয়োগের বিষয়টি সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।
**বাস্তবায়নে:** প্রশাসন বিভাগ, হিসাব বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## আলোচ্যসূচি ৬: এ সিটি কর্পোরেশনের বিভিন্ন যানবাহনের জ্বালানীর পরিমাণ নির্ধারণ ও বন্টন সংক্রান্ত আলোচনা।

**আলোচনা:** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নির্বাহী প্রকৌশলী (সিভিল) জনাব মোঃ আজগর হোসেন জানান যে, শহরের সকল বর্জ্য ১৮ নং ওয়ার্ডের আল আমিন নগর ডাম্পিং ইয়ার্ডে ফেলা হতো। সম্প্রতি সেখানে বর্জ্য অপসারণের প্রেক্ষিতে সৃষ্ট অপ্রীতিকর ঘটনার প্রেক্ষিতে বর্তমানে শহরে উৎপাদিত সকল কঠিন বর্জ্য জালকুড়ি ডাম্পিং ইয়ার্ডে অপসারণ করা হয়। সে প্রেক্ষিতে এ প্রতিষ্ঠানের সকল যানবাহনের জ্বালানী বিষয়ক তথ্যাদি পর্যবেক্ষণপূর্বক পূনঃ নির্ধারণ করার জন্য গত ২৫/১১/২০২৪ খ্রিঃ তারিখে একটি কমিটি গঠন করা হয়। তিনি উক্ত কমিটিতে আহবায়কের

দায়িত্ব পালন করছেন। তিনি জানান যে, ইতোমধ্যে কমিটির মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহের কাজ সম্পন্ন হয়েছে এবং খসড়া রিপোর্ট প্রস্তুত করা হয়েছে। ২/১ দিনের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করা হবে। সভাপতি বলেন, কমিটি কর্তৃক প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে এ সিটি কর্পোরেশনের বিভিন্ন যানবাহনের জ্বালানীর পরিমাণ নির্ধারণ ও বন্টন প্রক্রিয়া চালু করা হলে জ্বালানী খাতে এ সিটি কর্পোরেশনের বেশ অর্থ সাশ্রয় হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত:** সিটি কর্পোরেশনের অর্থ সাশ্রয়ের স্বার্থে রিপোর্ট প্রাপ্তি সাপেক্ষে তা ০১ জানুয়ারি- ০৩ জানুয়ারি ২০২৫ খ্রিঃ তারিখ থেকে কার্যকর করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে:** প্রকৌশল বিভাগ, বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## আলোচ্যসূচি ৭: এ সিটি কর্পোরেশনের আওতাধীন বিভিন্ন লেক, পুকুর, জলাশয় ইজারা প্রদান সংক্রান্ত আলোচনা।

**আলোচনা:** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সম্পত্তি কর্মকর্তা জনাব মোঃ আতিকুর রহমান জানান, এ প্রতিষ্ঠানের মালিকানাধীন পুকুরের সংখ্যা ৪৫ টি। যার মধ্যে ২২ টি পুকুর বর্তমানে ইজারাযোগ্য। নারায়ণগঞ্জ অঞ্চলে শীতলক্ষ্যা নদীর পাড় হতে কাশিপুর ব্রিজ পর্যন্ত ২.৮ কিঃ মিঃ দৈর্ঘ্য বিশিষ্ট ০১ টি লেক রয়েছে। যা ০৪ টি অংশে ভাগ করে ইতোপূর্বে ইজারা প্রদান করা হয়েছিল। এ ছাড়াও এ প্রতিষ্ঠানের মালিকানাধীন ইজারাযোগ্য পুকুরের তালিকা ও বিবরণ নিম্নরূপ:

| নারায়ণগঞ্জ অঞ্চল | | | | | |
|---|---|---|---|---|---|
| **ক্র.নং** | **পুকুরের অবস্থান** | **মৌজা ও দাগ নং** | **পরিমাণ** | **ওয়ার্ড নং** | **মন্তব্য** |
| ১ | খানপুর বৌ বাজার সংলগ্ন পুকুর | খানপুর , আর,এস,দাগ- ২০৩৭ | ৪৩.৮২ শতাংশ | ১২ | মাছ চাষযোগ্য। |
| ২ | আলী আহাম্মদ চুনকা রোডের দক্ষিণ দিকের পুকুর | বড় দেওভোগ, আর,এস দাগ নং-১৫৭২ | ৫২ শতাংশ | ১৬ | মাছ চাষযোগ্য। |
| ৩ | বেপারীপাড়া প্রাথমিক বিদ্যালয়ের পশ্চিমের ডিচ | বড় দেওভোগ, আর,এস দাগ নং-১৮৩৮, ১৮৩৯, ১৮৪০, ১৮৪১ | ৫+১৭+৮+১১= ৪১ শতাংশ | ১৬ | মাছ চাষযোগ্য। |
| ৪ | পাইকপাড়া খেলার মাঠের পশ্চিম দিকের পুকুর খানকা সংলগ্ন | পাইকপাড়া, আর,এস দাগ নং-২৮৮ | ৫১ শতাংশ | ১৭ | মাছ চাষযোগ্য। |
| ৫ | পাইকপাড়া বঙ্গবন্ধু সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পূর্ব দিকের পুকুর (ব্যাঙ্গোর ঘাটলা) | পাইকপাড়া-১৪২, ১২৬ | ৫০.২০ শতাংশ | ১৭ | মাছ চাষযোগ্য। |
| ৬ | পাইকপাড়া বড় কবরস্থানের দক্ষিণাংশের পুকুর | গোয়ালবন্দ, আর,এস দাগ নং-৫৮, ৫৯, ৬০, ৬১ | ৩০+৩৯+৪৫+২৬ =১৪০ শতাংশ | ১৭ | মাছ চাষযোগ্য। |
| ৭ | পঞ্চবটি ট্রাক স্ট্যান্ডের উত্তর পার্শ্বের পুকুর | হরিহরপাড়া, আরএস দাগ নং-৫৬২ | ৭০.২০ শতাংশ | পঞ্চবটি | মাছ চাষযোগ্য। |

| কদমরসুল অঞ্চল | | | | | |
|---|---|---|---|---|---|
| **ক্র.নং** | **পুকুরের অবস্থান** | **মৌজা ও দাগ নং** | **পরিমাণ** | **ওয়ার্ড নং** | **মন্তব্য** |
| ৮ | মদনগঞ্জ ডাক্তারখানা সংলগ্ন সিটি পুকুর | মদনগঞ্জ-২৫১ ম, আর.এস খতিয়ান নং-০৪, দাগ নং - ১৬৮৪ | ০.৪২৮০ | ১৯ | মাছ চাষযোগ্য। |
| ৯ | সোনাকান্দা খেলার মাঠের পূর্ব হইতে পশ্চিম দিকের সিটি পুকুর | মদনগঞ্জ 'ম' খন্ড ও মদনগঞ্জ, আর.এস খতিয়ান নং-১১, দাগ নং-১,৮,৯,৮৫ | ৩৭+৩৮+৮ +৭৬= ১.৫৯০০ | ২০ | মাছ চাষযোগ্য। |
| ১০ | মাহমুদ নগর কবরস্থান সংলগ্ন সিটি পুকুর | মদনগঞ্জ-২৫১ ম আর.এস খতিয়ান নং-০৪ , দাগ নং-৬৮৬ | ২.৩১ | ২০ | মাছ চাষযোগ্য। |
| ১১ | সোনাকান্দা কবরস্থানের দক্ষিণের সিটি পুকুর | এনায়েতনগর -২৫৭ আর.এস খতিয়ান নং-০৩, দাগ নং-৪৮ | ১.০২ | ২১ | মাছ চাষযোগ্য। |
| ১২ | বন্দর কবরস্থান সংলগ্ন সিটি পুকুর | গঙ্গাকুল বন্দর-২৩৯ আর.এস খতিয়ান নং-০২ দাগ নং-০৬ | ০.৬১ | ২৩ | মাছ চাষযোগ্য। |
| ১৩ | করবস্থান রোডে ময়লা খোলার নিকটের সিটি পুকুর | বন্দর কৃষ্ণপুরা-২৩৮ সি.এস খতিয়ান নং-১০,৪০ দাগ নং ৫৬,৫৬,১০৫ | ০.৭+১.১১= ১.১৮০০ | ২৩ | মাছ চাষযোগ্য। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৪ | কদমরসুল ডিগ্রী কলেজ সংলগ্ন সিটি পুকুর | উত্তর বন্দর কৃষ্ণপুরা-২৩৬, আর.এস খতিয়ান নং- আর.এস দাগ নং-৮,৩২,৩৪ | ২.৪২ | ২৩ | মাছ চাষযোগ্য। |
| ১৫ | উত্তর নোয়াদ্দা রোডে পশ্চিম পাশ পুলির বাড়ির দক্ষিণের সিটি পুকুর | উত্তর নোয়াদ্দা-২২৩, আর.এস খতিয়ান নং-০৩, আর.এস দাগ নং-৫১ | ০.১১ | | মাছ চাষযোগ্য। |
| ১৬ | দেওলী চৌরাপাড়া কবরস্থানের পশ্চিম ও দক্ষিণের সিটি পুকুর | দেউলী-২২২, আর.এস খতিয়ান-৫, আর.এস দাগ নং-১৭৩,১৭৪ | ২৩+২২=০.৪৫০০ | ২৪ | মাছ চাষযোগ্য। |
| ১৭ | লক্ষণখোলা খেলার মাঠের পূর্ব দিকের ডিচ (ডিসপেসারী সংলগ্ন) সিটি পুকুর | লক্ষণখোলা-৩০,আর.এস খতিয়ান নং-৮, আর.এস দাগ নং- ১৭৬,১৭৭,১৮২ | ৩৫+৯২+২০ = ১.৪৭০০ | ২৫ | মাছ চাষযোগ্য। |
| ১৮ | লক্ষণখোলা চানমিয়া ডিলারের বাড়ির উত্তর দিকের সিটি পুকুর | লক্ষণখোলা-৩০, আর.এস খতিয়ান নং-০৪.আর.এস দাগ নং-৬১৭ | ০.১৭ | ২৫ | মাছ চাষযোগ্য। |
| ১৯ | ঢাকেশ্বরী মিলের পাশে সিটি কর্পোরেশনের রাস্তা পূর্ব দিকে (দরবার সংলগ্ন) | ধামগড়-২০৭, আর.এস খতিয়ান-৯, আর.এস দাগ নং-১৯৪৫ | ০.৩১ | ২৬ | মাছ চাষযোগ্য। |
| ২০ | ঢাকেশ্বরী মিলের পাশে সিটি কর্পোরেশনের রাস্তা পূর্ব দিকে দরবার সংলগ্ন উত্তরে সিটি পুকুর। | ধামগড়-২০৭, আর.এস খতিয়ান-৯, আর.এস দাগ নং-১৯৩৭ | ০.১৮ | ২৬ | মাছ চাষযোগ্য। |
| ২১ | ঢাকেশ্বরী মিলের পাশে সিটি কর্পোরেশনের রাস্তা পশ্চিমের সিটি পুকুর। | ধামগড়-২০৭, আর.এস খতিয়ান-৯, আর.এস দাগ নং-১৮৫৭ | ০.১৯ | ২৬ | মাছ চাষযোগ্য। |

| সিদ্ধিরগঞ্জ অঞ্চল | | | | | |
|---|---|---|---|---|---|
| ক্র.নং | পুকুরের অবস্থান | মৌজা ও দাগ নং | পরিমাণ | ওয়ার্ড নং | মন্তব্য |
| ২২ | পাঠানটুলী কবরস্থানের উত্তর দিকের পুকুর | গোদনাইল, আর.দাগ নং-৩২৮৬ | ১.২০০০ | | মাছ চাষযোগ্য। |

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের রাজস্ব আয় বৃদ্ধির স্বার্থে উপরোক্ত লেক ও পুকুরগুলো ইজারা প্রদানের জন্য বিজ্ঞপ্তি প্রকাশের লক্ষ্যে তিনি অনুমোদন প্রার্থনা করেন।

**সিদ্ধান্ত:** আলোচনায় উল্লিখিত লেক ও পুকুরগুলো যথাযথ বিধি ও বিদ্যমান নীতিমালা অনুসরণ করে ইজারা প্রদানের ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে:** সম্পত্তি বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## আলোচ্যসূচি ৮: ডেঙ্গু প্রতিরোধে কার্যক্রম পর্যালোচনা সংক্রান্ত আলোচনা।

**(ক)** মেডিকেল অফিসার ডাঃ নাফিয়া ইসলাম উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়ে ২০২৪ সালে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকায় ডেঙ্গু আক্রান্ত রোগীদের হালনাগাদ তথ্য সভায় উপস্থাপন করেন, যা নিম্নরূপ:

| মাসের নাম | রোগীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|
| জানুয়ারি | ৮ | - |
| ফেব্রুয়ারি | ৪ | - |
| মার্চ | ৩ | - |
| এপ্রিল | ২ | - |
| মে | ৬ | - |
| জুন | ৩ | - |
| জুলাই | ৬ | - |
| আগস্ট | ১৭ | - |
| সেপ্টেম্বর | ১০০ | - |
| অক্টোবর | ২৯৯ | - |
| নভেম্বর | ৩৪০ | - |
| ডিসেম্বর | ১৪৪ | ২৩ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত |

**(খ) নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ডেঙ্গুসহ মশাবাহিত রোগ প্রতিরোধ সম্পর্কিত আলোচনা:** মেডিকেল অফিসার ডাঃ নাফিয়া ইসলাম উপস্থিত সকলকে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের এলাকার এডিস মশার হটস্পট সংক্রান্ত তথ্য সকলের সামনে উপস্থাপন করেন, যা নিম্নরুপ:

| নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকার এডিস মশার ২১টি হটস্পট: | | | |
|---|---|---|---|
| ক্রম | হটস্পট | ক্রম | হটস্পট |
| ০১ | ২ নং ওয়ার্ডে হিরাঝিল খাল। | ১২ | ১২ নং ওয়ার্ডে বউবাজার ডোবা |
| ০২ | ৩ নং ওয়ার্ডে ডেমরা রোড ৪টি ডোবা। | ১৩ | ১২ নং ওয়ার্ডে উত্তর চাষাড়া রামবাবুর পুকুর পাড়ের পূর্ব দিকে পুকুর। |
| ০৩ | ৪ নং ওয়ার্ডে মাঠবাড়ি পুকুরপাড় ও তার আশেপাশের ডোবা। | ১৪ | ১৩ নং ওয়ার্ডে শ্মশানের পিছনে ডোবা। |
| ০৪ | ৬ নং ওয়ার্ডে সুমিলপাড়া রেললাইনে পাশের ডোবা। | ১৫ | ১৪ নং ওয়ার্ডে বাজনাপাড়া এর পিছনে পুকুর ও দাতা সড়ক, মাদ্রাসা গলি ডোবা। |
| ০৫ | ৭ নং ওয়ার্ডে ফকিরাপুল খাল। | ১৬ | ১৬ নং ওয়ার্ডে কাজীর দেওয়ানের বাড়ি আবর্জনা, এলএন রোডের ডোবা, নগর স্বাস্থ্য কেন্দ্র-৩ আবর্জনাযুক্ত পুকুর। |
| ০৬ | ৮ নং ওয়ার্ডে ডিএন্ডডি এর খাল। | ১৭ | ১৬ নং ওয়ার্ডে বায়তুন নূর জামে মসজিদ এর পশ্চিমে ডোবা ও দেওভোগ বড় মসজিদ পাক্কা রোড পুকুর। |
| ০৭ | ৮ নং ওয়ার্ডে আইলপাড়া এলাকায় বদ্ধডোবা। | ১৮ | ১৭ নং ওয়ার্ডে নয়াপাড়া আবর্জনাযুক্ত পুকুর ও ভূঁইয়াপাড়া ডোবা ও আবর্জনা। |
| ০৮ | ৯ নং ওয়ার্ডে সস্তাপুর খাল। | ১৯ | ১৮ নং ওয়ার্ডে নইল্লাপাড়া ডোবা, আলামিন নগর এলাকার ডাম্পিং স্পট, ডিয়ারা সরদারগলি আবর্জনাযুক্ত পুকুর। |
| ০৯ | ১০ নং ওয়ার্ডে চিত্তরঞ্জন খাল। | ২০ | ১৫ নং ওয়ার্ডে ডাইলপট্টি পরিত্যক্ত প্লট। |
| ১০ | ১১ নং ওয়ার্ডে তল্লা নতুন রোড রেললাইন পুকুর ও তল্লা বড় মসজিদ ডোবা। | ২১ | ২২ নং ওয়ার্ডে বি. এম, স্কুল ঘাট আবর্জনা। |
| ১১ | ১১ নং ওয়ার্ডে তল্লা কিল্লারপুর পুকুর। | | -- |

এছাড়াও, তিনি এ বিষয়ে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন হতে গৃহীত পদক্ষেপসমূহ সভায় উপস্থাপন করেন, যা নিম্নরুপ:

ক. সাংগঠনিক কাঠামো/ প্রাতিষ্ঠানিক কাঠামো

১। নগরীর তিন অঞ্চলের ২৭ টি ওয়ার্ডের জন্য ৯টি মনিটরিং টিম গঠন করা হয়েছে।

২। নগরীর তিন অঞ্চলের জন্য ০২ (দুই) জন করে সুপারভাইজার নিয়োজিত যারা মনিটরিং টিম ও মশক কর্মীদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রেখে কাজ করেন।

৩। প্রতিটি ওয়ার্ডে মশক নিধন ও ডেঙ্গু প্রতিরোধে ৫ সদস্য বিশিষ্ট টিম রয়েছে।

৪। মশক নিধনে ১৫ সদস্য বিশিষ্ট স্পেশাল টিম গঠন করা হয়েছে।

খ. মশক নিধন কার্যক্রম

১। প্রতিদিন ২৭টি ওয়ার্ডে পূর্বাহ্নে (সকাল ৮:০০টা হতে দুপুর ১২:০০টা) হ্যান্ড স্প্রে মেশিনের মাধ্যমে লার্ভিসাইড এবং এল.ডি.ও ছিটানো হয়।

২। প্রতিদিন অপরাহ্নে (বিকাল ৪:০০টা হতে সন্ধ্যা ৭:০০টা) ফগার মেশিনের সাহায্যে এডাল্টিসাইড ফগিং করা হয়।

৩। বিশেষ প্রয়োজনে নগরী গুরুত্বপূর্ণ রাস্তা ও ঝুঁকিপূর্ণ জায়গায় স্পেশাল টিমের সাহায্যে ফগিং করানো হয়েছে।

৪। নগরীর নর্দমা, খাল ও বদ্ধ জলাশয়ে অয়েল বল প্রয়োগ করা হয়।

৫। মশক ঝুঁকিপূর্ণ স্থানসমূহে নিয়মিত বিশেষ অভিযান পরিচালনা করা হয়।

গ. সচেতনতা কার্যক্রম

১। জনসচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়েছে।

২। নগরীর প্রতিটি ওয়ার্ডে ডেঙ্গু সচেতনতামূলক মাইকিং করা হচ্ছে।

৩। শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সচেতনতামূলক কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

৪। সামাজিক যোগাযোগ মাধ্যমে জনসচেতনতামূলক বার্তা প্রচার কার্যক্রম চলমান রয়েছে।

৫। ধর্মীয় নেতাদের (ইমাম, পুরোহিত, ফাদার) মাধ্যমে ডেঙ্গু বিষয়ক সচেতনতামূলক বার্তা প্রচার করা হচ্ছে, বিশেষ করে মসজিদের সম্মানিত ইমামগণকে জুম'আর নামাজের বয়ানে ডেঙ্গু বিষয়ে কথা বলার জন্য চিঠির মাধ্যমে অনুরোধ করা হয়েছে।

৬। মার্কেট, শপিংমল মালিক/ ব্যবসায়ী প্রতিনিধিদের সম্পৃক্ত করে সচেতনতামূলক কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

৭। নগরীর প্রতি ওয়ার্ডে ডেঙ্গু নিধন সভার আয়োজন করা হয়েছে।

৮। ডেঙ্গু নিধন ও জনসচেতনতা বৃদ্ধি করার জন্য নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে।

৯। মশক ঝুঁকিপূর্ণ স্থান যেমন সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকার বিভিন্ন খাল, নর্দমা, বদ্ধ জলাশয়ে লার্ভিসাইড ও এল.ডি.ও ছিটানো হয়।

ঘ. প্রতিরোধ কার্যক্রম

১। ডেঙ্গু আক্রান্তের তথ্য সংগ্রহ করে আবাসস্থল ও তার চারপাশে নিয়মিত অভিযান পরিচালনা করা হচ্ছে।

২। নগরীর বিভিন্ন ওয়ার্ডে নিয়মিত পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা হচ্ছে।

৩। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের আওতায় পরিচালিত ৪টি নগর স্বাস্থ্যকেন্দ্রে নিয়মিত বিনামূল্যে ডেঙ্গু পরীক্ষা করা হচ্ছে।

৪। হাসপাতালগুলোতে ডেঙ্গু আক্রান্ত রোগীদের বিভিন্ন পরামর্শ প্রদান এবং প্রয়োজনে প্রাথমিক চিকিৎসা প্রদান করা হয়।

উপর্যুক্ত আলোচনার প্রেক্ষিতে ডেঙ্গু আক্রান্তের তুলনায় মৃত্যুহার কম থাকায় ডেঙ্গু প্রতিরোধে বর্তমানে যেসকল কার্যক্রম গ্রহণ করা হয়েছে সে সকল কার্যক্রম নিয়মিতভাবে চলমান রাখার জন্য সভায় উপস্থিত সিভিল সার্জন, নারায়ণগঞ্জ ডাঃ এ এফ এম মুশিউর রহমান মহোদয় অনুরোধ জানান।

**সিদ্ধান্ত:** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন হতে ডেঙ্গু রোগের বাহক এডিস মশা নিধন, প্রতিরোধ এবং জনসচেতনতা কার্যক্রম যেভাবে পরিচালনা করা হচ্ছে তা জোরদার করাসহ অব্যাহত রাখার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে:** স্বাস্থ্য বিভাগ, বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## আলোচ্যসূচি ৯: নগর মাতৃসদন ও নগর স্বাস্থ্যকেন্দ্রসমূহ পরিচালনা এবং সেবা প্রদান বিষয়ক আলোচনা।

**আলোচনা:** মেডিকেল অফিসার ডাঃ নাফিয়া ইসলাম নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের আওতাধীন নগর মাতৃসদন ও নগর স্বাস্থ্যকেন্দ্রসমূহে ইপিআই কার্যক্রমের পাশাপাশি যে সকল সেবা প্রদান করা হয় তা উপস্থাপন করেন, যা নিম্নরূপ:

- নগর মাতৃসদন ও নগর স্বাস্থ্যকেন্দ্র সমূহে ইপিআই কার্যক্রম চালনার পাশাপাশি প্রাথমিক স্বাস্থ্যসেবা, প্রসব পূর্ববর্তী সেবা, প্রসব পরবর্তী সেবা, শিশু সেবা প্রদান করা হয়;
- হাসপাতালগুলোতে বিনামূল্যে ডেঙ্গু রোগীর পরীক্ষা করা হয়;
- সেবার পরিধি ও মান বৃদ্ধির লক্ষ্য সেল কাউন্টার মেশিন, অ্যানালাইজার মেশিন, ইসিজি মেশিন, এক্স-রে মেশিন ক্রয়ের উদ্যোগ গ্রহণ করা হয়েছে, যা অতি দ্রুত কার্যকর করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে, ইপিআই কার্যক্রমকে জোরদার করনের পাশাপাশি প্রাথমিক স্বাস্থ্য সেবার মান বৃদ্ধিতে নগর স্বাস্থ্যকেন্দ্রসমূহ সচল রাখার জন্য প্রয়োজনীয় মেশিনারিজ ক্রয়ের ব্যবস্থা গ্রহণের প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**বাস্তবায়নে:** স্বাস্থ্য বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## আলোচ্যসূচি ১০: উন্নয়নমূলক কার্যক্রম (চলমান প্রকল্প ও নতুন প্রকল্প) ও ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কিত আলোচনা।

**আলোচনা:** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব মোঃ আব্দুল আজিজ উন্নয়নমূলক কার্যক্রম (চলমান প্রকল্প ও নতুন প্রকল্প) ও ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কিত হালনাগাদ তথ্যাদি সভায় উপস্থাপন করেন, যা নিম্নরূপ:

| নারায়ণগঞ্জ অঞ্চল | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক | দরপত্র বিজ্ঞপ্তি নং | অর্থের উৎস | প্রকল্প সংখ্যা | সমাপ্ত প্রকল্প সংখ্যা | অসমাপ্ত প্রকল্প সংখ্যা | গড় অগ্রগতি | মন্তব্য |
| ০১ | ১৮/২০১৮-১৯ | নিজস্ব | ৪ | ৩ | ১ | ৯৮% | - |
| ০২ | ১৩/২০১৯-২০ | নিজস্ব | ৪ | ২ | ২ | ৯৭% | - |
| ০৩ | ১৬/২০২০-২১ | নিজস্ব | ৮ | ৪ | ৪ | ৮১% | - |
| ০৪ | ০৩/২০২১-২২ | নিজস্ব | ৪ | ৩ | ১ | ৭৫% | - |
| ০৫ | ০৮/২০২২-২৩ | LGCRRP | ৫ | ৩ | ২ | ৭৫% | - |
| ০৬ | ০৬/২০২২-২৩ | ডিপিপি | ১ | ১ | - | ১০০% | - |
| ০৭ | ০২/২০২৩-২৪ | নিজস্ব | ১ | - | ১ | - | - |
| ০৮ | ০৩/২০২৩-২৪ | নিজস্ব | ২ | - | ২ | ৭% | - |
| ০৯ | ০৬/২০২৩-২৪ | নিজস্ব | ৩ | ২ | ১ | ৭০% | - |
| ১০ | ০৫/২০২৩-২৪ | LGCRRP | ৯ | - | ৯ | ৫৫% | - |
| ১১ | ০৭/২০২৩-২৪ | নিজস্ব | ২ | - | ২ | - | - |

| সিদ্ধিরগঞ্জ অঞ্চল | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক | দরপত্র বিজ্ঞপ্তি নং | অর্থের উৎস | প্রকল্প সংখ্যা | সমাপ্ত প্রকল্প সংখ্যা | অসমাপ্ত প্রকল্প সংখ্যা | গড় অগ্রগতি | মন্তব্য |
| ০১ | **২৬/২০২০-২১** | নিজস্ব | ০১ | - | ০১ | ৮৫% | |
| ০২ | ০৯/২০২২-২৩ | নিজস্ব | ০১ | - | ০১ | ১০% | |
| ০৩ | ০৪/২০২৩-২৪ | ইউডিসিজিপি | ০২ | - | ০২ | ১২.৫% | |
| ০৪ | ০২/২০২৪-২৫ | ইউডিসিজিপি | ০১ | - | ০১ | - | NOA প্রদানের প্রক্রিয়া চলমান। |

| কদমরসুল অঞ্চল | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক | দরপত্র বিজ্ঞপ্তি নং | অর্থের উৎস | প্রকল্প সংখ্যা | সমাপ্ত প্রকল্প সংখ্যা | অসমাপ্ত প্রকল্প সংখ্যা | গড় অগ্রগতি | মন্তব্য |
| ০১ | **২৫/২০১৮-১৯** | ডিপিপি | ০৩ | ০২ | ০১ | ৯৭% | - |
| ০২ | ০৪/২০২০-২১ | ডিপিপি | ০২ | -- | ০২ | ৯৯% | - |
| ০৩ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের কদমরসুল অঞ্চলে কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য ভূমি অধিগ্রহণ ও উন্নয়ন। | ডিপিপি | -- | -- | -- | -- | RDPP মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। |
| ০৪ | ১৯/২০২০-২১ | নিজস্ব | ০৯ | ০৫ | ০৪ | ৮০% | ১টি স্থগিত। |
| ০৫ | ০৬/২০২৩-২৪ | নিজস্ব | ০৩ | ০২ | ০১ | ৯৭% | - |
| ০৬ | ০৭/২০২৩-২৪ | নিজস্ব | ০৩ | -- | ০৩ | -- | NOA প্রদান করা হয়েছে। |

**সিদ্ধান্ত:** আলোচনায় উল্লিখিত উন্নয়ন কাজসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

**বাস্তবায়নে:** প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি ১১: বিভিন্ন সরকারি/ বেসরকারি প্রতিষ্ঠান হতে পানি সরবরাহ বিভাগের প্রাপ্য বকেয়া আদায় সংক্রান্ত আলোচনা।**

**আলোচনা:** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের পানি সরবরাহ বিভাগের রাজস্ব আদায়কারী (ভারঃ) জনাব মোহাম্মদ হান্নান মিয়া জানান যে, আবাসিক, সরকারি, বেসরকারি প্রতিষ্ঠানে ওয়াসার ২৯,১৪,৮২,৯৪৪/- এবং নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ৯,৬১,০১,২৫০/- বকেয়া রয়েছে। সরকারি ২৩ টি গ্রাহক আইডির বিপরীতে ১৪ টি সরকারি প্রতিষ্ঠানের অনুকূলে সর্বমোট ৮০,৯৫,৯৩৪/- টাকা বকেয়া রয়েছে। এর মধ্যে উল্লেখযোগ্য-

(ক) সরকারি প্রতিষ্ঠানের বকেয়া:

- জেলা প্রশাসকের কার্যালয়ের অধীনে ৪টি গ্রাহক আইডির অনুকূলে ৩২,৯৫,৫৯৮/- টাকা বকেয়া।
- পুলিশ সুপারের অধীনে ২টি গ্রাহক আইডির অনুকূলে ৪,৭৯,৯০৯/- টাকা বকেয়া।
- ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের অধীনে ৩টি গ্রাহক আইডির অনুকূলে ১,৩৩,৮৩৯/- টাকা বকেয়া।
- বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষের অধীনে ৩টি গ্রাহক আইডির অনুকূলে ২,৪৬,৭০১/- টাকা বকেয়া।
- বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্পোরেশনের অধীনে ১টি গ্রাহক আইডির অনুকূলে ৩৪,০৮০/- টাকা বকেয়া।
- নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ এর অধীনে ২টি গ্রাহক আইডির অনুকূলে ৯,৮৪,৯২১/- টাকা বকেয়া।
- নির্বাহী প্রকৌশলী, রেলওয়ের অধীনে ১টি গ্রাহক আইডির অনুকূলে ২১,৭০,৫৯২/- টাকা বকেয়া।
- শ্রম অধিদপ্তরের অধীনে ১টি গ্রাহক আইডির অনুকূলে ১,৫৩,৮৩৯/- টাকা বকেয়া।
- শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অধীনে ১টি গ্রাহক আইডির অনুকূলে ৫০,৭৩৩/- টাকা বকেয়া।
- কারিগরি শিক্ষা অধিদপ্তরের অধীনে ১টি গ্রাহক আইডির অনুকূলে ৫৩,৫৬৬/- টাকা বকেয়া।
- বাংলাদেশ সমবায় ব্যাংকের অধীনে ১টি গ্রাহক আইডির অনুকূলে ৪,৪৯,৬৮৮/- টাকা বকেয়া।
- ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি এর অধীনে ১টি প্রাহক আইডির অনুকূলে ২,৮৫,৯৩২/- টাকা বকেয়া।
- জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের অধীনে ১টি প্রাহক আইডির অনুকূলে ১৮,২৭৯/- টাকা বকেয়া।

- কেন্দ্রীয় হাঁস প্রজনন খামারের অনুকূলে ১টি গ্রাহক আইডির অনুকূলে ১,৩৩,৬৭০/- টাকা বকেয়া রয়েছে।

(খ) বেসরকারি প্রতিষ্ঠানের বকেয়া:

| ক্র.নং | বেসরকারি প্রতিষ্ঠান/ ব্যক্তি | গ্রাহক আইডি | বকেয়া বিলের পরিমাণ |
|---|---|---|---|
| ১ | আর.কে. গ্রুপ | ৪ টি আইডি | ১,৯২,৮৬,৯৩২/- |
| ২ | মডেল গ্রুপ | ৩ টি আইডি | ৮৪,১২,০৩৪/- |
| ৩ | হাসিনা গার্মেন্টস | ২ টি আইডি | ২১,২০,৫০৮/- |
| ৪ | জনাব আব্দুল রউফ | ৫৪১১ | ৭,১৫,০১৩/- |
| ৫ | মিসেস মাসুদা হক শাফি | ৭৯৯ | ৫,৬৯,৬৪৬/- |
| ৬ | জনাব মোঃ আব্দুর রহিম | ১৯৬৩৬ | ৩,৪৬,৩১৭/- |
| ৭ | জনাব মোঃ সাইদুল হক | ৯১৪২৪৪ | ৪,৮৭,১১৬/- |
| ৮ | জনাব নওশাদ আলী | ২৯৪০৭ | ৪,৮৫,৯১৯/- |
| ৯ | জনাব মোঃ মোজামেল হক | ৮০২৫ | ২,৯৫,৪৭৫/- |
| ১০ | জনাব উম্মে সালমা গং | ২০৩৫ | ৪,২০,৫৫৭/- |
| ১১ | জনাব মোঃ তাজুল ইসলাম | ৬৯৩৭ | ৩,১৬,৩১৮/- |
| ১২ | জনাব আশরাফুল ইসলাম মামুন | ৯৫৩ | ৪,২৮,৯৭৮/- |
| ১৩ | জনাব মোঃ হারুন-অর-রশিদ | ৯০৫ | ৫,১৬,৭৬১/- |
| ১৪ | জনাব আব্দুল বারী | ৩৭৭৯৯ | ৭,৬৩,২০৫/- |
| ১৫ | জনাব নাইনুন নাহার | ৩৭৮৭৬ | ৯,৭৫,৭৯১/- |
| ১৬ | নিট কনসার্ন প্রিন্টিং | ৯৪১১৭৫ | ৬,৯৭,৪৪৫/- |
| ১৭ | জনাব আসাদ আলী | ১২৩৮৪ | ৪,৫৩,২১৭/- |
| ১৮ | জনাব অরুন কুমার মদক | ১৬০১৭ | ৩,১২,৩২৫/- |
| ১৯ | জনাব কাফিল উদ্দিন মিয়া | ৫০৬ | ২,৩২,১১৬/- |
| ২০ | জনাব মোঃ আলহাজ্ব গোলাম আলী গং | ২৯১৫৮ | ২,৯০,৫৯৪/- |
| ২১ | জনাব মোঃ শাহজাহান | ৭৪০ | ২,৯৯,৪৭৭/- |
| | | **মোট =** | **৩,৮৪,২৫,৭৩০/-** |

**পানির প্রাপ্য বকেয়া বিল আদায়ে যে সকল পদক্ষেপ গ্রহণ করা হয়েছে:**

- ✓ পানি সরবরাহ বিভাগের রাজস্ব শাখার ওয়ার্ড ভিত্তিক পানির বকেয়া বিলের তালিকা প্রণয়ন করা হয়েছে;
- ✓ আদায় অভিযান পরিচালনা ও লক্ষ্যমাত্রা অনুযায়ী আদায় কার্যক্রম জোরদার করার লক্ষ্যে ইতোমধ্যে একটি কমিটি গঠন করে কার্যক্রম চলমান আছে;
- ✓ সরকারি এবং বেসরকারি যে সকল প্রতিষ্ঠানে পানির বিল ও গভীর নলকূপের নবায়ন ফি বকেয়া রয়েছে সে সকল প্রতিষ্ঠানকে সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত লাল নোটিশ ইতোমধ্যে পাঠানো হয়েছে;
- ✓ অবৈধ সংযোগ বৈধ করার লক্ষ্যে অভিযান চলমান রয়েছে;
- ✓ পূর্বের ১৪ জন বিলিং সহকারীর সাথে আরো ১৪ জন বিলিং সহকারী নিয়োগ দেওয়া হয়েছে। এ জনবল দ্বারা আগামী কয়েক মাসের মধ্যে রাজস্ব আদায় একটি সন্তোষজনক পর্যায়ে আনা সম্ভব হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন।

সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে সরকারি ও বেসরকারি সকল বকেয়া/ খেলাপি গ্রাহকগণের নিকট হতে এ প্রতিষ্ঠানের পাওনা রাজস্ব আদায়ের লক্ষ্যে তাদের অনুকূলে অতি দ্রুত পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে:** রাজস্ব শাখা- পানি সরবরাহ বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি ১২: বানিজ্যিক/ ইন্ডাস্ট্রিয়াল ক্ষেত্রে পানির বিলের রেইট পুনঃ নির্ধারণ ও মিটার স্থাপন সংক্রান্ত আলোচনা।**

**আলোচনা:** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নগর পরিকল্পনাবিদ জনাব মোঃ মঈনুল ইসলাম সভায় জানান যে, এ প্রতিষ্ঠানের পানি সরবরাহ বিভাগের আয়ের তুলনায় ব্যয় অনেক বেশি। ঢাকা ওয়াসা হতে জোন- ১১ নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে ৩১ অক্টোবর ২০১৯ তারিখে হস্তান্তরিত হওয়ার পর থেকে এখন পর্যন্ত পানির মূল্য বৃদ্ধি করা হয়নি। পানির গ্রাহকদের সুপেয় পানি সরবরাহের লক্ষ্যে পানির মূল্য বৃদ্ধির বিষয়ে পর্যালোচনাপূর্বক পুনঃ নির্ধারণের বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার পাশাপাশি এ প্রতিষ্ঠানের রাজস্ব আদায় বৃদ্ধির স্বার্থে আবাসিক, বাণিজ্যিক, ইন্ডাস্ট্রিয়াল, সরকারি ইত্যাদি সংযোগের ক্ষেত্রে সঠিক বিল নির্ধারণ এবং রাজস্ব বৃদ্ধির লক্ষ্যে পর্যায়ক্রমে প্রত্যেক গ্রাহকের অনুকূলে মিটার স্থাপনের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক মিটার ক্রয়ের বিষয়ে সিদ্ধান্ত নেওয়া প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে অধিকতর যাচাই বাছাই করে পরবর্তী সাধারণ সভায় এ বিষয়টি পুনরায় উপস্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে:** পানি সরবরাহ বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি ১৩: এনসিসি এর প্রধান ফটকে অবস্থিত One Bank কালেকশন বুথকে উপশাখায় রুপান্তর বিষয়ে অনুমোদন সংক্রান্ত আলোচনা।**

**আলোচনা:** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (চঃদাঃ) জনাব মোঃ হেমায়েত হোসেন জানান যে, এ প্রতিষ্ঠানের প্রধান ফটক সংলগ্ন One Bank কালেকশন বুথকে নারায়ণগঞ্জ উপশাখায় রুপান্তরের লক্ষ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ হতে একটি আবেদন পাওয়া গেছে। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের লেনদেনের স্বার্থে উক্ত কালেকশন বুথ নির্ধারিত চুক্তির মাধ্যমে ভাড়া প্রদান করা হয়েছে। বর্তমানে উক্ত বুথে শুধু অর্থ জমাদান করা যায়; কোনো অর্থ উত্তোলন করা যায় না। এ ক্ষেত্রে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের অনুমোদন সাপেক্ষে One Bank কর্তৃপক্ষ কর্তৃক বাংলাদেশ ব্যাংকের অনুমোদন গ্রহণপূর্বক তাদের কালেকশন বুথটি উপশাখায় রুপান্তরের ব্যবস্থা গ্রহণ করবে এবং নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের কোনো ব্যয়ভার গ্রহণ করতে হবে না মর্মে আবেদন মারফত জানা গেছে। উক্ত কালেকশন বুথটি উপশাখায় রুপান্তরিত হলে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের তহবিলের অর্থ জমা ও উত্তোলন সহজ হবে এবং স্থানীয় গ্রাহকগণের লেনদেনের সুবিধা হবে। তার এ প্রস্তাবের প্রেক্ষিতে সভায় সকলে একমত পোষন করেন।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে যথাযথ বিধি বিধান অনুসরণপূর্বক এনসিসি এর প্রধান ফটকে অবস্থিত One Bank কালেকশন বুথকে উপশাখায় রুপান্তর বিষয়ে ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে:** হিসাব বিভাগ, সম্পত্তি বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**বিবিধ আলোচ্যসূচি: সিটি কর্পোরেশন কর্তৃক চলমান ড্রেইন নির্মাণ প্রসঙ্গে আলোচনা।**

**আলোচনা:** সভাপতি মহোদয় বলেন নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ১৮ নং ওয়ার্ডের নিতাইগঞ্জ হতে চাষাড়া পর্যন্ত রাস্তার দুই পাশে ডিপ ড্রেইন নির্মাণ কাজ চলমান আছে মর্মে সকলে অবগত আছেন। আগের ড্রেইন টি ২ (দুই) ফুট চওড়া ছিল। যা ভেঙ্গে নতুনভাবে ৪ (চার) ফুট চওড়া ড্রেইন নির্মাণ করা হচ্ছে। ড্রেইন নির্মাণ করার ক্ষেত্রে অনেক স্থাপনা পাওয়া যাচ্ছে; যা ভাঙ্গা প্রয়োজন। তেমনি স্থাপনা হচ্ছে জেনারেল ভিক্টোরিয়া হাসপাতাল, নারায়ণগঞ্জ এর সামনে অবস্থিত কিছু সংখ্যক ওষুধের দোকান। উক্ত দোকানগুলোর মালিক সমিতির পক্ষ থেকে স্থানীয় সরকার বিভাগে এ বিষয়ে আপত্তি জানানো হয়েছে। সে প্রেক্ষিতে যথাযথ বিধি অনুসরণ করে কাজ করার জন্য স্থানীয় সরকার বিভাগ হতে নির্দেশনা প্রদান করা হয়েছে। মূলত এলাইনমেন্ট/ প্রোপার্টি লাইন সঠিক রেখে কাজ করাটাই হলো আমাদের বিধি বা নিয়ম। বিষয়টি তিনি সভায় উপস্থিত সকলের জ্ঞাতার্থে উপস্থাপন করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত:** (১) নির্দিষ্ট এলাইনমেন্ট সঠিক রেখে দ্রুততার সাথে কাজ সম্পন্ন করতে হবে; (২) ব্যক্তি স্বার্থে নির্দিষ্ট এলাইনমেন্টের পরিবর্তন করে ড্রেইন নির্মাণ করা যাবে না; (৩) ড্রেইন নির্মাণ করার জন্য মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে:** প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

অতঃপর আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে ও তাদের সু-স্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯/১২/২০২৪

(এ, এইচ, এম কামরুজ্জামান)
প্রশাসক
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

স্মারক নং-৪৬.১৬.০০০০.০০৪.০৬.১৭৬.২৪-২৫৮ তারিখ: ২৯/১২/২০২৪ খ্রিঃ

সদয় অবগতি/ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
৩। পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।
৪। ---------------------------------------------------------------------------------------------------------------------------- নারায়ণগঞ্জ।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (চঃদাঃ), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৭। নির্বাহী প্রকৌশলী (সকল), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৮। -------------------------------------------------------বিভাগ/শাখা, নারায়ণগঞ্জ/সিদ্ধিরগঞ্জ/কদমরসুল অঞ্চল, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৯। অফিস কপি/ গার্ড নথি, প্রশাসন শাখা ।

২৯/১২/২০২৪

(মোঃ নূর কুতুবুল আলম)
সচিব (উপসচিব)
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

**পরিশিষ্ট - (ক)**

২৪/১২/২০২৪ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার সরকার কর্তৃক গঠিত কমিটির ৩য় **সভায় উপস্থিতিগণের** তালিকা: (স্বাক্ষরের ক্রমানুসারে)

১) জনাব এ, এইচ, এম কামরুজ্জামান, প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
২) জনাব মোহাম্মদ জাকির হোসেন, প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৩) জনাব মোঃ নূর কুতুবুল আলম, সচিব (উপসচিব), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৪) জনাব মোঃ সাকিব আল রাব্বি, অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা), নারায়ণগঞ্জ।
৫) জনাব রুহুল আমিন সাগর, অতিরিক্ত পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।
৬) ডাঃ এ এফ এম মুশিউর রহমান, সিভিল সার্জন, নারায়ণগঞ্জ।
৭) জনাব আবদুস সালাম, উপ বিভাগীয় প্রকৌশলী, (প্রতিনিধি) গণপূর্ত অধিদপ্তর, নারায়ণগঞ্জ।
৮) জনাব মোঃ মাহমুদ খান, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নারায়ণগঞ্জ।
৯) জনাব মোঃ ইউনুছ ফারুকী, জেলা শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ।
১০) জনাব ফেরদৌসী বেগম, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ।
১১) জনাব মোঃ জোনায়েদ হাসান, (প্রতিনিধি) নির্বাহী প্রকৌশলী, ডিপিডিসি, নারায়ণগঞ্জ।
১২) জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, যুগ্মপরিচালক, বাংলাদেশ অভ্যন্তরীন নৌ- পরিবহন কর্তৃপক্ষ, (বিআইডব্লিউটিএ), নারায়ণগঞ্জ।
১৩) জনাব মোঃ আবদুল্লাহ আল আরেফীন, উপ সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, নারায়ণগঞ্জ।
১৪) জনাব মোঃ সাইফুল কবীর, মোটরযান পরিদর্শক, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), নারায়ণগঞ্জ।
১৫) প্রকৌশলী মোঃ মামুনুর রশিদ, উপমহাব্যবস্থাপক, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিষ্ট্রিবিউশন লিমিটেড, নারায়ণগঞ্জ।
১৬) জনাব মোঃ মোবারক হোসন, (প্রতিনিধি) উপ পরিচালক, পরিবেশ অধিদপ্তর, নারায়ণগঞ্জ।
১৭) জনাব নিপেন চন্দ্র সিদ্ধা, সহকারী অথোরাইজড অফিসার, (প্রতিনিধি) রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, নারায়ণগঞ্জ জোন অফিস, নারায়ণগঞ্জ।

**উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা :**

১) জনাব মোঃ আব্দুল আজিজ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
২) জনাব মোঃ মঈনুল ইসলাম, নগর পরিকল্পনাবিদ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৩) জনাব মোঃ হেমায়েত হোসেন, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৪) জনাব মোঃ ইউছুফ আলী, নির্বাহী প্রকৌশলী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৫) জনাব মোঃ আজগর হোসেন, নির্বাহী প্রকৌশলী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৬) ডাঃ নাফিয়া ইসলাম, মেডিকেল অফিসার, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৭) জনাব মোঃ আতিকুর রহমান, সম্পত্তি কর্মকর্তা এবং প্রশাসক মহোদয়ের একান্ত সচিব, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৮) জনাব ইশরাত জাকিয়া, সহকারী সচিব, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৯) জনাব মোঃ শাখাওয়াৎ হোসেন রিয়াদ, রেজিস্ট্রেশন সহকারী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।